PROCTOR OFFICE
UNIVERSITY OF CHITTAGONG
CHATTOGRAM-4331, BANGLADESH
Phone : PABX 02334460765-91
Extn-Off : 4369
Fax : 02334460778
E-mail : proctor@cu.ac.bd
Website : http://www.cu.ac.bd

প্রক্টর কার্যালয়
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৯১
এক্সটেন-অফিস : ৪৩৬৯
ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮
ই-মেইল : proctor@cu.ac.bd
ওয়েবসাইট : http://www.cu.ac.bd

Ref. : ৬৬৬২(২)/৯৬-প্র/২৬

তারিখ : ২৫-১০-২০২৬ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: প্রক্টর অফিসের পূর্বানুমতি ব্যতীত ড্রোন ক্যামেরা উড্ডয়ন না করা প্রসঙ্গে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ক্যাম্পাসের বিভিন্ন স্থানে অজ্ঞাতনামা ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক প্রায়ই বিনা অনুমতিতে ড্রোন ক্যামেরা উড্ডয়ন করা হচ্ছে। এমনকি, কোন কোন ক্ষেত্রে ছাত্রীদের হল পাড়ায়ও ড্রোন উড্ডয়ন করা হচ্ছে, যা বিশ্ববিদ্যালয়ের সার্বিক নিরাপত্তা, শৃঙ্খলা ও ছাত্রীদের ব্যক্তিগত গোপনীয়তার জন্য উদ্বেগজনক।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা ও শৃঙ্খলা রক্ষার্থে **প্রক্টর অফিসের পূর্বানুমতি ব্যতীত ক্যাম্পাসের অভ্যন্তরে কোন প্রকার ড্রোন ক্যামেরা উড্ডয়ন করা যাবে না।** ড্রোন উড্ডয়নের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবশ্যই প্রক্টর অফিসের অনুমতি গ্রহণসহ প্রযোজ্য সরকারি বিধিবিধান অনুসরণ করতে হবে। এ নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও দর্শনার্থীসহ সংশ্লিষ্ট সকলকে এ নির্দেশনা মেনে চলার এবং ক্যাম্পাসের নিরাপত্তা ও শৃঙ্খলা বজায় রাখতে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

25.10.26

(প্রফেসর ড. মোঃ কামরুল হোসেন)
প্রক্টর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম